পবিত্র রমজান উপলক্ষে প্রধান উপদেষ্টার শুভেচ্ছা বার্তা



প্রধান উপদেষ্টা ড. ইউনুস। ছবি: সংগৃহীত

পবিত্র মাহে রমজানকে কেন্দ্র করে দেশবাসী এবং বিশ্বের মুসলিম উম্মাহর প্রতি আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। রোববার (১৫ ফেব্রুয়ারি) গণমাধ্যমে পাঠানো এক বার্তায় তিনি এ শুভেচ্ছা জানান।

বার্তায় তিনি বলেন, রমজান সংযম, ত্যাগ, সহমর্মিতা ও আত্মশুদ্ধির এক অনন্য সময়। সিয়াম সাধনা, দান-খয়রাত ও ইবাদতের মাধ্যমে এ মাস মানুষকে আত্মশুদ্ধির সুযোগ করে দেয় এবং পারস্পরিক সহমর্মিতা ও সম্প্রীতির চর্চা জোরদার করে। একই সঙ্গে মহান আল্লাহর সন্তুষ্টি ও ক্ষমা লাভের পথ উন্মুক্ত হয়।

প্রধান উপদেষ্টা আরও উল্লেখ করেন, রমজানের শিক্ষা ব্যক্তি ও জাতীয় জীবনে অন্যায়, দুর্নীতি ও অবিচার পরিহার করে ন্যায়ভিত্তিক ও কল্যাণমুখী সমাজ গঠনে অনুপ্রেরণা জোগায়। ইবাদতের পাশাপাশি সততা, ন্যায়পরায়ণতা ও মানবিকতার চর্চা এ মাসের গুরুত্বপূর্ণ দিক। বিশেষ করে দরিদ্র ও বঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর দায়িত্ববোধ জাগ্রত করার আহ্বান জানান তিনি।

শেষে তিনি সবাইকে ভোগ-বিলাস ও হিংসা-বিদ্বেষ থেকে দূরে থেকে অধিকতর ইবাদত, কোরআন তেলাওয়াত, দোয়া ও সৎকর্মে মনোযোগী হওয়ার আহ্বান জানান। মহান আল্লাহ যেন সকলের রোজা ও নেক আমল কবুল করেন, দেশ ও জাতিকে শান্তি ও সমৃদ্ধি দান করেন—এই প্রার্থনাও করেন।